দৈনিক খবর

তারিখ 2 2 MAY 1990
পৃষ্ঠা ৬ ৩

12

৫ জন মেধাবী ছাত্র–ছাত্রী মানসিক ভারসাম্য হারিয়েছে

# এসএসসি'র প্রবেশপত্র না আসায় ৩৯ জনের পরীক্ষা দেয়া হলো না

কিশোরগঞ্জ, ২১মে (বিদ্যুৎ প্রসাঙ্গ রায়)।– বোর্ড ও স্কুল কর্তৃপক্ষের ভুলের মাশুল দিতে হলো এসএসসি পরীক্ষার্থী ছাত্র–ছাত্রীদের। আর তাই আজ জেলার হোসেনপুর উপজেলার পুমদী ইসলামিয়া উচ্চ বিদ্যালয়ের ৩৯ জন ছাত্র–ছাত্রীর প্রবেশপত্র না আসায় চলতি এস এস সি পরীক্ষায় অংশে নিতে পারেনি। এদের মধ্যে মানসিক ভারসাম্য হারিয়ে ফেলায় ৫ জন ছাত্র–ছাত্রীকে চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে জানা গেছে।

প্রকাশ, ঐ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফ উদ্দিন ফরম পূরণকারী এই ৩৯ জন ছাত্র–ছাত্রীর প্রবেশপত্র আনতে যান। কিন্তু ফিরে আসেন খালি হাতে। কিশোরগঞ্জ জেলা প্রশাসকের বিশেষ অনুমতি নিয়ে এসব পরীক্ষার্থী প্রথম দিনের বাংলা পরীক্ষায় অংশে নেয়। কিন্তু প্রধান শিক্ষক পরবর্তীতে ঢাকা বোর্ড থেকে প্রবেশপত্র আনতে না পারায় তাদেরকে আর বাকী পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হয়নি। এর ফলে পরীক্ষার্থী ও অভিভাবদের মানসিক অবস্থা হয়ে উঠে অত্যন্ত করুণ। এ ঘটনা সহ্য করতে না পেরে ৫ জন মেধাবী ছাত্র–ছাত্রী মানসিক ভারসাম্য হারিয়ে ফেলে। তারা বার বার মূর্ছা যাচ্ছে।

এমনি পরিস্থিতিতে চিকিৎসার জন্য তাদেরকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এরা হচ্ছে– খন্দকার মহিতুল সোহেল, জালাল উদ্দিন, দিলখুশ বেগম হেনা, নাসরীন সুলতানা ও ফেরদৌসী আরা জোসনা।

এদিকে যথাসময়ে প্রয়োজনীয় টাকা দিয়ে ফরম পূরণ করেও ৩৯ জন ছাত্র–ছাত্রী চলতি এসএসসি পরীক্ষায় অংশে গ্রহণ করতে না পারায় ছাত্র ও অভিভাবক মহলে দারুণ ক্ষোভের সৃষ্টি হয়েছে এবং নানা প্রশ্নের উদ্ভব হয়েছে। এ ব্যাপারে ছাত্র ও অভিভাবক মহল সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে এর সুষ্ঠু তদন্ত ও ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের শাস্তি দাবী করেছেন। নানা প্রশ্নের সম্মুখীন হয়ে প্রধান শিক্ষক গা–ঢাকা দিয়েছেন বলে জানা গেছে।